

# ঘুরে বেড়ানো (নেভিগেশন) – স্ক্রিপ্ট




| অনলাইন পরীক্ষা দেওয়া (নেক্সট/ব্যাক অ্যারো)) |
|---|
| পরীক্ষা শুরু করার আগে কীভাবে অনলাইন পরীক্ষা দিতে হয়, অবশ্যই আপনাকে প্রথমে তা জানতে হবে।<br>এই পাঠে আপনি আপনার পরীক্ষা শুরু করা, নির্দেশসমূহ পড়া এবং প্রশ্ন থেকে প্রশ্নে যাওয়ার বিষয়ে জানবেন।<br>প্রথমেই আপনি আপনার নাম এবং পরীক্ষা সম্পর্কে তথ্য দেখতে পাবেন।<br>নিশ্চিত করুন যে স্ক্রিনে প্রদর্শিত নামটি আপনার। তা না হলে কোন শিক্ষকের সাহায্য নিন।<br>শুরু করার সময় হলে শুরু নির্বাচন করুন।<br>প্রতিটি পরীক্ষা আলাদা।<br>পরীক্ষার সময় ভুল এড়াতে অনলাইন পরীক্ষা কীভাবে দিতে হবে তা জানাটা গুরুত্বপূর্ণ।<br>তাই প্রশ্নের উত্তর দেওয়ার আগে সমস্ত নির্দেশসমূহ মনোযোগ সহকারে পড়ুন।<br>পরীক্ষার শীর্ষে আপনি অ্যারো বোতামগুলো দেখতে পাবেন।<br>নেক্সট অ্যারো আপনাকে সামনের প্রশ্নগুলো দেখায়।<br>ব্যাক অ্যারো আপনাকে এমন প্রশ্নগুলো দেখায় যেগুলো আপনি ইতোমধ্যে দেখেছেন।<br>কিছু পরীক্ষা একাধিক ভাগে বিভক্ত।<br>প্রতিটি বিভাগের শেষে পরবর্তী বিভাগে যাওয়ার আগে সতর্কতার সাথে নির্দেশসমূহ পড়ুন।<br>পরীক্ষার কোন নির্দেশসমূহ আপনি বুঝতে না পারলে অবিলম্বে কোন শিক্ষকের সাহায্য নিন।<br>এই পাঠে যা শিখেছেন তা আপনি SRT-এর বাকি অংশ জুড়ে অনুশীলন করবেন।<br>শুরু করুন এবং চেষ্টা করে দেখুন! |




## পর্যালোচনা তালিকা (পর্যালোচনা/বুকমার্ক বোতাম)

আসুন, পর্যালোচনা এবং বুকমার্ক বোতামের সাহায্যে পর্যালোচনা তালিকা ব্যবহার সম্পর্কে কথা বলি।

আপনি আপনার পরীক্ষার একেবারে উপরে অ্যারো বোতামের পাশে এদু'টি খুঁজে পাবেন।

পরীক্ষা চলাকালে পর্যালোচনা এবং বুকমার্ক বোতাম আপনাকে আপনার কাজের ট্র্যাক রাখতে সাহায্য করে।

কোন প্রশ্ন সম্পর্কে অনিশ্চিত হলে এবং আপনার পরীক্ষা শেষ হওয়ার আগে সেটিতে ফিরে আসতে চাইলে আপনি তা চিহ্নিত করার জন্য বুকমার্ক বোতাম নির্বাচন করতে পারেন।

পর্যালোচনা তালিকায় আপনার বুকমার্ক দেখতে পর্যালোচনা বোতাম নির্বাচন করুন।

তালিকার শীর্ষে তিনটি ট্যাব রয়েছে।

*সকল প্রশ্ন* ট্যাব আপনাকে কোন প্রশ্ন গ্রুপ বা পরীক্ষা বিভাগের সমস্ত প্রশ্ন দেখায়।

যেসব প্রশ্ন এখনও পূরণ করতে হবে *উত্তর দেওয়া হয়নি* ট্যাব আপনাকে সেগুলো দেখাবে। পর্যালোচনা তালিকায় এসব প্রশ্ন একটি বিন্দু দিয়ে চিহ্নিত করা আছে।


*বুকমার্কস* ট্যাব আপনাকে বুকমার্ক বোতাম দিয়ে চিহ্নিত প্রশ্নগুলো দেখায়। পর্যালোচনা তালিকায় এসব প্রশ্ন বুকমার্ক আইকন দিয়ে চিহ্নিত করা আছে।

পর্যালোচনা তালিকা বন্ধ করতে আবার পর্যালোচনা বোতাম নির্বাচন করুন।

বাস্তব পরীক্ষার জন্য অনুশীলন করতে SRT জুড়ে আপনি পর্যালোচনা এবং বুকমার্ক বোতাম ব্যবহার করতে পারেন।

এবার আপনার এটি করে দেখার পালা!

Learn how to submit your test answers.




## উত্তর জমা দিন

পরীক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ হল আপনার উত্তর জমা দেওয়া। কীভাবে আপনার উত্তর পর্যালোচনা করবেন এবং জমা দেবেন আসুন তা জেনে নেই।

কিছু পরীক্ষা একাধিক ভাগে বিভক্ত। প্রতিটি পরীক্ষা বিভাগ শেষে আপনি প্রতিটি প্রশ্নের জন্য আপনার উত্তর পর্যালোচনা করতে পারবেন।

পরীক্ষা শেষে আপনি আপনার উত্তরগুলোও পর্যালোচনা করতে পারবেন।

আপনার পরীক্ষার উপর নির্ভর করে আপনি পর্যালোচনা তালিকা নির্বাচন করে আপনার উত্তরগুলো পর্যালোচনা করতে পারেন, অথবা নিচের তালিকা ব্যবহার করে আপনার বুকমার্ক করা বা এখনও উত্তর না দেওয়া প্রশ্নের ট্র্যাক রাখতে পারেন।


আপনার উত্তরগুলো পর্যালোচনা করার পরে আপনি সেগুলো জমা দেওয়ার জন্য প্রস্তুত।

সাবধান! আপনার উত্তর জমা দেওয়ার পরে আপনি আর সেগুলো পর্যালোচনা করতে ফিরে যেতে পারবেন না।

প্রতিটি পরীক্ষার অংশ শেষে নির্দেশনা মনোযোগ সহকারে পড়ুন। আপনি আপনার পরীক্ষা শেষ করার জন্য প্রস্তুত হলে *চূড়ান্ত উত্তর জমা দিন* নির্বাচন করুন।

প্রতিটি পরীক্ষা আলাদা হওয়ায় আপনার উত্তর জমা দেওয়ার নির্দেশসমূহ কখনও কখনও পরিবর্তিত হতে পারে। এ কারণেই সবসময় নির্দেশগুলি মনোযোগ সহকারে পড়া এবং এগিয়ে যাওয়ার আগে সেগুলো অনুধাবন করার বিষয়টি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

# আমার টুলসমূহ – স্ক্রিপ্ট




| আনসার এলিমিনেটর |
|---|
| আনসার এলিমিনেটর টুল আপনাকে সেই সব উত্তরগুলি বর্জনে সাহায্য করে যেগুলিকে আপনি ভুল বলে মনে করেন।<br>এটিকে আপনি প্রশ্নের উপরে থাকা টুলবারে পেতে পারেন।<br>আপনি আনসার এলিমিনেটর ব্যবহার করে শুধুমাত্র সেসব উত্তরে মনোনিবেশ করতে পারেন যেগুলো সঠিক হতে পারে বলে আপনার ধারণা হয়।<br>প্রশ্নের উপরে টুলবারে x নির্বাচন করুন। আপনার পছন্দ থেকে যেকোন উত্তর বাদ দেওয়ার জন্য আপনি এটি নির্বাচন করতে পারেন।<br>আপনি আপনার মত পরিবর্তন করলে উত্তর আবার নির্বাচন করলে x অদৃশ্য হয়ে যাবে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |

Learn about the HIGHLIGHTER. Then give it a try!




**Try It!**

1. Select and drag the pointer over words on your screen.
2. Choose a color to highlight the sentence.
3. Repeat these steps to change or remove the highlight.

Highlight words with the letter 'W' in the sentence below.

**The windows let cold air in whenever it was windy outside.**

| হাইলাইটার |
|---|
| আপনি মাউস দিয়ে টেক্সট হাইলাইট করলে হাইলাইটার প্রদর্শিত হবে।<br>আপনার পরীক্ষার গুরুত্বপূর্ণ শব্দ বা বিবরণ ট্র্যাক রাখতে আপনি হাইলাইটার ব্যবহার করতে পারেন।<br>আপনার পরীক্ষার শব্দগুলো নির্বাচন করুন এবং এর উপর মাউস টেনে আনুন।<br>হাইলাইটার টুলটি শব্দের উপরে প্রদর্শিত হয়। শব্দ হাইলাইট করার জন্য কোন রঙ নির্বাচন করুন।<br>আপনি রঙ মুছে ফেলতে চাইলে লাইনসহ বাক্সটি নির্বাচন করুন।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |

Learn about the NOTEPAD. Then give it a try!





**Try It!**


1. Open the **Notepad** in the toolbar.
2. Select and drag the **Notepad** around your screen.
3. Type a note for yourself.
4. Close and open the **Notepad** to see that your notes are still there.

| নোটপ্যাড |
|---|
| নোটপ্যাড এমন এক টুল যা পরীক্ষায় আপনার চিন্তাভাবনাকে সহায়তা করতে পারে।<br>আপনি এটি পরীক্ষার প্রশ্নের উপরে টুলবারে খুঁজে পেতে পারেন।<br>পরীক্ষা চলাকালে আপনি যেকোন সময় নোটপ্যাড ব্যবহার করে আপনার চিন্তাভাবনা একত্রীকরণ এবং সংগঠিত করতে, গুরুত্বপূর্ণ বিষয়গুলো মনে রাখতে, অথবা পরবর্তী পর্যালোচনার জন্য নোট তৈরি করতে পারেন।<br>নোটপ্যাড বন্ধ করতে ডান কোণায় x নির্বাচন করুন।<br>আপনি আবার নোটপ্যাড চালু করার সময়ও আপনার নোটগুলো সেখানে থাকবে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |


## প্রশ্নসমূহ – স্ক্রিপ্ট





| ড্র্যাগ অ্যান্ড ড্রপ |
| --- |
| আপনার পরীক্ষায় ড্র্যাগ অ্যান্ড ড্রপ ভিত্তিক প্রশ্ন থাকতে পারে<br>প্রথম ধরনের ড্র্যাগ অ্যান্ড ড্রপ ভিত্তিক প্রশ্নে আপনাকে সংখ্যা, চিত্র বা শব্দ নির্বাচন করে কোন উত্তর বক্সে টেনে আনতে বলা হয়।<br>অনেক সময় আপনাকে কোন উত্তর বক্সে একাধিক উত্তর টেনে আনতে বলা হতে পারে।<br>দ্বিতীয় ধরনের ড্র্যাগ অ্যান্ড ড্রপ ভিত্তিক প্রশ্নে আপনাকে কোন অনুচ্ছেদ থেকে টেক্সট বের করে কোন উত্তর বাক্সে টেনে আনতে বলা হয়। এসব প্রশ্নের জন্য আপনি কোন উত্তর বাক্সে কেবল একটি উত্তর রাখতে পারেন।<br>কোন উত্তর সরিয়ে দিতে x নির্বাচন করুন অথবা বাক্সে কোন নতুন উত্তর টেনে আনুন।<br>উত্তর দেওয়া শুরু করার আগে প্রশ্ন মনোযোগ সহকারে পড়ুন।<br>কিছু প্রশ্নের ক্ষেত্রে প্রশ্নের উত্তর দিতে আপনাকে একাধিক উত্তর টেনে আনতে হতে পারে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |





| ইকুয়েশন এডিটর |
|---|
| গণিতের কিছু প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে আপনাকে ইকুয়েশপন এডিটর ব্যবহার করতে হতে পারে। ইকুয়েশপন এডিটর আপনাকে ফাংশন, ভগ্নাংশ এবং মিশ্র সংখ্যাসহ বিভিন্ন ধরনের সমীকরণ তৈরি করার সুযোগ করে দেয়।<br>উত্তর দেওয়ার আগে প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন। কোন সমীকরণ তৈরি করতে উত্তর বাক্সের ভিতরে আপনার কার্সর রাখুন, তারপর আপনার কিবোর্ড ব্যবহার করে সংখ্যা লিখুন।<br>কোন প্রতীক নির্বাচন করুন। আপনার নির্বাচিত প্রতিটি প্রতীক বিন্দুযুক্ত বক্সসহ প্রদর্শিত হবে, যার জন্য কোন সংখ্যা প্রয়োজন।<br>প্রতিটি বিন্দুযুক্ত বাক্স নির্বাচন করুন এবং একটি সংখ্যা লিখুন।<br>আপনি বিন্দুযুক্ত বাক্স নির্বাচন করে, তারপর ভগ্নাংশ বা মিশ্র সংখ্যা বোতাম নির্বাচন করে সংখ্যার ধরন পরিবর্তন করতে পারেন।<br>ভুল দ্রুত ঠিক করে নিতে আনডু এবং রিডু করুন বোতাম ব্যবহার করুন। নতুন করে শুরু করতে সব পরিষ্কার করুন নির্বাচন করুন। পরীক্ষা শুরু করার আগে নিশ্চিত করুন যে আপনি প্রতিটি বিন্দুযুক্ত বাক্সে একটি সংখ্যা লিখেছেন।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |





| শূন্যস্থান পূরণ করুন |
|---|
| আপনি পরীক্ষার শূন্যস্থান পূরণ করুন দেখতে পারেন। <br> উত্তর দেওয়ার আগে প্রশ্ন মনোযোগ সহকারে পড়াটা গুরুত্বপূর্ণ। <br> খালি বাক্স নির্বাচন করে আপনার উত্তর টাইপ করুন। প্রশ্নের উত্তর প্রদানের জন্য আপনাকে একাধিক বাক্সে উত্তর লিখতে হতে পারে। <br> এবার আপনার এটি করে দেখার পালা! |




| হট স্পট |
|---|
| আপনার পরীক্ষায় হট স্পট প্রশ্ন থাকতে পারে। <br> হট স্পট প্রশ্নে আপনাকে স্ক্রিনে হাইলাইট করা স্থান নির্বাচন করার মাধ্যমে উত্তর দিতে বলা হয়। <br> প্রশ্ন মনোযোগ সহকারে পড়ুন তারপর সেই হাইলাইট করা অংশ নির্বাচন করুন যেখানে প্রশ্নের সবচেয়ে ভালভাবে উত্তর দেওয়া রয়েছে। <br> কিছু প্রশ্নের উত্তরে আপনাকে একাধিক উত্তর প্রদান করতে বলা হতে পারে। <br> এবার আপনার এটি করে দেখার পালা! |




| হট টেক্সট |
| --- |
| আপনার পরীক্ষায় হট টেক্সট প্রশ্ন থাকতে পারে।<br>পরীক্ষার বিষয়বস্তু থেকে টেক্সট নির্বাচন করে হট টেক্সট প্রশ্নের উত্তর দিতে বলা হয়।<br>প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন। প্রশ্নের সবচেয়ে ভাল উত্তর রয়েছে এমন বক্রযুক্ত শব্দ বা বাক্যাংশ নির্বাচন করুন।<br>কিছু প্রশ্নের উত্তরে আপনাকে একাধিক উত্তর প্রদান করতে বলা হতে পারে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |




| ইনলাইন চয়েস |
| --- |
| ইনলাইন চয়েস প্রশ্ন আপনাকে এক লাইনের টেক্সটে বাক্য বা বাক্যাংশ সম্পন্ন করার সুযোগ দেয়।<br>প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন।<br>কিছু প্রশ্নের উত্তরে আপনাকে একাধিক লাইনের টেক্সট সম্বলিত উত্তর প্রদান করতে বলা হতে পারে।<br>উত্তরের বিকল্প দেখতে প্রতিটি ড্রপডাউন নির্বাচন করুন, তারপর আপনার উত্তর নির্বাচন করুন।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |

**Learn about MULTIPLE CHOICE questions. Then give it a try!**




**Try It!**

Which planet is known as the Red Planet? Select one answer below.

- ○ A. Jupiter
- ○ B. Mars
- ○ C. Saturn
- ○ D. Earth

| বহুনির্বাচনী |
| --- |
| আপনার পরীক্ষার বহুনির্বাচনী প্রশ্নে প্রশ্নের উত্তর প্রদানের জন্য শুধুমাত্র একটি উত্তর বেছে নিতে বলা হবে।<br>প্রথমে প্রশ্ন মনোযোগ সহকারে পড়ুন, এবং তারপর সঠিক উত্তর সন্ধান করুন।<br>উত্তর নির্বাচন করার পর প্রশ্ন আবার পড়ুন এবং আবার পরীক্ষা করুন।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |

Learn about MULTIPLE RESPONSE questions. Then give it a try!




**Try It!**

Follow the directions in the question below, then select your answers.

What do you need to bake a cake? Select three ingredients.

- ☐ Eggs
- ☐ Flour
- ☐ Tomato sauce
- ☐ Sugar
- ☐ Lettuce

| একাধিক উত্তর |
|---|
| একাধিক উত্তর হল এক ধরনের প্রশ্ন যেখানে আপনাকে একটির বেশি উত্তর বেছে নিতে বলা হয়।<br>সবসময় প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন।<br>প্রশ্নের সবচেয়ে ভাল উত্তর দেয় এমন বিকল্প নির্বাচন করুন।<br>কিছু প্রশ্নে উত্তর প্রদানের জন্য আপনাকে কতগুলো উত্তর বেছে নিতে হবে তা বলা হতে পারে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |

Learn about POINT GRAPH questions. Then give it a try!





**Try It!**

Practice plotting the following points on the **Point Graph**.


Point A: (3, 4)

Point B: (7, 2)


Point C: (3, 8)




| পয়েন্ট গ্রাফ |
|---|
| পয়েন্ট গ্রাফ ভিত্তিক প্রশ্নে উত্তর প্রদানের জন্য আপনাকে বিন্দু, রেখা এবং এমনকি বহুভুজ স্থাপন করতে বলা হয়।<br>প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন।<br>বিন্দু স্থাপন করার জন্য গ্রিডে কোন এলাকা নির্বাচন করুন।<br>কিছু প্রশ্নের উত্তর প্রদান করার জন্য আপনাকে একাধিক বিন্দু স্থাপন করতে বলা হয়।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |




| অনুচ্ছেদ পাঠ |
|---|
| আপনি পরীক্ষায় অনুচ্ছেদ পাঠ দেখতে পারেন।<br>অনুচ্ছেদ পাঠ আপনার বিভিন্ন ধরনের লেখা পড়ার এবং বোঝার ক্ষমতা মূল্যায়ন করে থাকে।<br>অনুচ্ছেদ পড়ার আগে সবসময় নির্দেশগুলি পড়ুন।<br>কিছু অনুচ্ছেদ পাঠ ভিত্তিক প্রশ্ন একাধিক অংশে বিভক্ত। প্রশ্নের উত্তর প্রদান করার জন্য সব অংশের উত্তর দিতে ভুলবেন না।<br>এবার আসুন একটি অনুচ্ছেদ পাঠ-এর উদাহরণ দেখি! |




## আকৃতি রূপান্তর

আপনি পরীক্ষায় আকৃতি রূপান্তর ভিত্তিক প্রশ্ন দেখতে পারেন।
নির্দিষ্ট রূপান্তরের পরে অনমনীয় চিত্রগুলোর অবস্থান এবং ঝোঁক কীভাবে পরিবর্তিত হয় আকৃতি রূপান্তরের প্রশ্নে তা দেখা যায়।
প্রদত্ত চিত্রগুলো থেকে নির্বাচন করুন। চিত্রটি গ্রিডের উপর টেনে আনুন।
আপনি গ্রিডে কোন নতুন চিত্র টেনে এনে যেকোন সময় আপনার উত্তর পরিবর্তন করতে পারেন।
এবার আপনার এটি করে দেখার পালা!


Learn about SOLUTION SETS. Then give it a try!





**Try It!**

1. Select the **Line 1** button, then plot two points to create a line.
2. Repeat the first step with the **Line 2** button.
3. Select the **Solution Set** button, then select any area of the grid to shade it in.


To remove elements from the grid, select the corresponding button, then select what you want to remove.




## সমাধান সেট

গণিতের কিছু প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আপনাকে সমাধান সেট তৈরি করতে হবে।
আপনি কোন সমাধান সেটের সাহায্যে রৈখিক অসমতার সিস্টেমের সমাধান গ্রাফে দেখাতে পারেন।
উত্তর দেওয়া শুরু করার আগে প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন।
গ্রিডের পাশে লাইন বোতাম এবং একটি সমাধান সেট বোতাম রয়েছে। আপনি কোন কোন বোতাম দেখতে পাবেন তা পরীক্ষার প্রশ্নের উপর নির্ভর করবে।
প্রথমে কোন রেখা বোতাম নির্বাচন করুন। তারপর একটি বিন্দু স্থাপন করার জন্য গ্রিডে ক্লিক করুন।
আবার গ্রিডে ক্লিক করলে একটি রেখা প্রদর্শিত হবে।
রেখার অবস্থান সমন্বয় করতে আপনি যেকোন বিন্দু নির্বাচন করতে এবং তা টেনে আনতে পারেন। আপনার সমাধান সেটের জন্য অন্য রেখার প্রয়োজন হলে অন্য রেখা বোতাম নির্বাচন করার পরে এই প্রক্রিয়ার পুনরাবৃত্তি করুন।
সবশেষে সমাধান সেট বোতামে ক্লিক করুন। গ্রিডের যেকোন অংশে ছায়া প্রদানের জন্য এটি নির্বাচন করুন।
আপনার উত্তর প্রতিফলিত করে এমন যেকোন স্থানে ছায়াবৃত করুন। আপনার কোন লাইন বা ছায়া অপসারণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট বোতাম নির্বাচন করুন, তারপর গ্রিডে আপনি যা মুছতে চান তা নির্বাচন করুন।
এবার আপনার এটি করে দেখার পালা!




| টেবিল গ্রিড |
|---|
| আপনার পরীক্ষায় টেবিল গ্রিড ভিত্তিক প্রশ্নের উত্তর দিতে হতে পারে।<br>টেবিল গ্রিড ভিত্তিক প্রশ্নে আপনাকে কোনো টেবিলে বিকল্প নির্বাচন করে আপনার পরীক্ষার বিবরণের সাদৃশ্য এবং বৈসাদৃশ্য চিহ্নিত করতে বলা হয়।<br>প্রথমে প্রশ্ন মনোযোগ সহকারে পড়ুন, এবং টেবিলের কলম ও সারিগুলো পর্যালোচনা করুন।<br>সারি এবং কলমের মধ্যে মিল দেখাতে টেবিলের বোতাম বা টিকচিহ্নের বাক্সগুলো নির্বাচন করুন।<br>প্রশ্নের উত্তর দিতে আপনাকে একাধিক উত্তর নির্বাচন করতে হতে পারে।<br>এবার আপনার এটি করে দেখার পালা! |